## নেক্সট জেনারেশন লার্নিং স্ট্যান্ডার্ড কি?

নেক্সট জেনারেশন লার্নিং স্ট্যান্ডার্ডগুলি হল প্রি-কিন্ডারগার্টেন থেকে 12শ শ্রেণী পর্যন্ত, নিউ ইয়র্ক রাজ্যের সমস্ত শিক্ষার্থীর ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস ও গণিত শেখার লক্ষ্যমাত্রা।

## এই স্ট্যান্ডার্ডগুলি সংশোধন করা হয়েছে কেন?

স্ট্যান্ডার্ডগুলি সংশোধন করা হয়েছে যাতে এগুলি শিক্ষার্থীর বর্তমান শ্রেণীর শিক্ষার মানোপযোগী হয় এবং শিক্ষার্থীরা গণিত ও ELA কতটা জানে ও এই বিষয়গুলিতে কেমন ফলাফল করতে পারবে তা বোঝা যায়।

## নেক্সট জেনারেশন স্ট্যান্ডার্ডগুলি কবে প্রযুক্ত হবে?

NYS নেক্সট জেনারেশন লার্নিং স্ট্যান্ডার্ডগুলি পূর্ণরূপে প্রয়োগ করা শুরু হবে 2020-2021 শিক্ষাবর্ষ থেকে, প্রি-কিন্ডারগার্টেন থেকে ৪ম শ্রেণীর জন্য। প্রয়োগের সময়সূচী এখানে পাওয়া যাবে- http://www.nysed.gov/curriculum-instruction/next-generation-learning-standards-and-assessment-implementation-timeline।

## এই স্ট্যান্ডার্ডগুলির মূল্যায়ন কীভাবে করা হবে?

শিক্ষক-শিক্ষিকারা তাদের ক্লাসরুমে প্রতিদিন স্ট্যান্ডার্ডগুলির মূল্যায়ন করবেন, এছাড়া 2021 সালের বসন্তকাল থেকে গ্রেড 3-8 নিউ ইয়র্ক স্টেট ELA অ্যান্ড ম্যাথামেটিক্স অ্যাসেসমেন্টে নেক্স জেনারেশন লার্নিং স্ট্যান্ডার্ড মূল্যায়ন করা শুরু হবে।

## এই বিষয়ে আরও জানব কীভাবে?

নেক্সট জেনারেশন ELA অ্যান্ড ম্যাথামেটিক্স লার্নিং স্ট্যান্ডার্ড সম্পর্কে আরও জানতে আপনার সন্তানের শিক্ষক/শিক্ষিকার সাথে কথা বলুন অথবা দেখুন- www.nysed.gov/next-generation-learning-standards।

# বাবা-মায়েদের তথ্য সহায়তা

বাড়িতে পড়াশোনা করানোর জন্য



ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস ও ম্যাথামেটিক্সে নেক্সট জেনারেশন লার্নিং স্ট্যান্ডার্ড
www.nysed.gov/next-generation-learning-standards

নিউ ইয়র্ক রাজ্যের পেরেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PTA) থেকে বাবা-মায়েদের জন্য তথ্য সহায়তা
nyspta.org/home/parent-resources/

শারীরিক অক্ষমতাযুক্ত শিক্ষার্থীদের বাবা-মায়েদের জন্য তথ্য সহায়তা
www.p12.nysed.gov/specialed/quality/parents.htm

বহুভাষী শিক্ষার্থী/ ইংরাজি ভাষা শিক্ষার্থীর বাবা-মায়েদের জন্য তথ্য সহায়তা
www.nysed.gov/bilingual-ed/english-language-learnermultilingual-learner-parent-resources

নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষা বিভাগের পাঠ্যক্রম ও শিক্ষাদান দপ্তর
www.nysed.gov/curriculum-instruction
ইমেল: EMSCURRIC@nysed.gov
ফোন: (518) 474-5922

NYS Next Generation LEARNING STANDARDS




# নিউ ইয়র্ক রাজ্যের নেক্সট জেনারেশন ELA অ্যান্ড ম্যাথ লার্নিং স্ট্যান্ডার্ড সম্পর্কে বাবা-মায়েদের জন্য দিকনির্দেশ




New York State EDUCATION DEPARTMENT
Knowledge › Skill › Opportunity

# *স্ট্যান্ডার্ড ও আমার সন্তানের ক্লাসরুমের শিক্ষা*

শিক্ষার্থীদের শেখা সবথেকে ভালো হয় যখন সুনির্দিষ্ট কোন লক্ষ্যমাত্রা থাকে। নীচের মডেলে দেখানো হয়েছে কীভাবে শিক্ষার প্রধান অংশগুলি একসাথে কাজ করে। মূল লক্ষ্য অর্থাৎ শিক্ষার্থীর শিক্ষা নির্ভর করে পাঠ্যক্রম, শিক্ষাদান ও মূল্যায়নের উপর। স্কুলের প্রতিটি শিক্ষাবর্ষের শেষে শিক্ষার্থীর লাভ করা সামগ্রিক জ্ঞান ও দক্ষতাকে লার্নিং স্ট্যান্ডার্ড বা শিক্ষার মানদণ্ড উপস্থাপন করবে।






| | |
|---|---|
| **স্ট্যান্ডার্ড (Standards)**<br><br>*"আমাদের কি কি শিখতে হবে?"* | স্ট্যান্ডার্ড হল:<br>• নিউ ইয়র্ক রাজ্যের শিক্ষার্থীদের জন্য লক্ষ্যমাত্রা<br>• বিষয় ও শ্রেণী অনুযায়ী স্থাপন করা হয়<br>• এই শিক্ষা নির্দিষ্ট একটি শিক্ষাবর্ষের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্য থাকে<br>• নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ রিজেন্টস দ্বারা অনুমোদিত<br><br>*একটি কিন্ডারগার্টেন গণিত স্ট্যান্ডার্ডের উদাহরণ: রঙিন ব্লক বা টাইলের মত ঘনবস্তু ব্যবহার করে সহজ নকশার নকল তৈরি করা ও তাকে আরও প্রসারিত করা।* |
| **পাঠ্যক্রম (Curriculum)**<br><br>*"আমরা কি কি শিখছি?"* | পাঠ্যক্রম হল:<br>• স্ট্যান্ডার্ড অর্জন করার জন্য শিক্ষার্থীরা যে বিষয়বস্তু, ধারণা ও দক্ষতা শেখে<br>• স্বতন্ত্র স্কুল ডিসট্রিক্ট নির্ধারণ করে<br><br>*উদাহরণ: পড়াশোনার জন্য স্থানীয়ভাবে তৈরি করা ইউনিট, যেমন কবিতা বিষয়ক ইউনিট বা দুই অঙ্কের সংখ্যার গুণ সংক্রান্ত ইউনিট।* |
| **শিক্ষাদান (Instruction)**<br><br>*"আমরা কীভাবে শিখছি?"* | শিক্ষাদান হল:<br>• পাঠ্যক্রম শেখানোর জন্য শিক্ষক-শিক্ষিকা যে পদ্ধতি ও কৌশল বেছে নেন<br>• শিক্ষার্থীর চাহিদার উপর নির্ভর করে<br>• ক্লাসরুমের শিক্ষক-শিক্ষিকা ও ডিসট্রিক্ট নির্ধারণ করেন<br><br>*উদাহরণ: ছোট ছোট দলে ভেঙে শিক্ষাদান অথবা সহযোগিতাপূর্ণ শিক্ষা* |
| **মূল্যায়ন (Assessment)**<br><br>*"আমাদের কি কি শেখা হয়েছে?"*<br>*"এরপরে কি করতে হবে?"* | মূল্যায়ন:<br>• হল শিক্ষার্থীর অগ্রগতি সম্পর্কে জানার প্রক্রিয়া<br>• শিক্ষাকে দিকনির্দেশ দেয় ও সূচিত করে<br>• স্থানীয় ডিসট্রিক্ট এবং/অথবা শিক্ষক-শিক্ষিকা, সেইসঙ্গে নিউ ইয়র্ক রাজ্য দ্বারা নির্ধারিত হয়<br>*নিউ ইয়র্ক রাজ্য পরিচালনা করে:<br>▪ ৩য়-৪ম শ্রেণীর জন্য ELA ও গণিতের মূল্যায়ন<br>▪ ৪র্থ ও ৪ম শ্রেণীতে বিজ্ঞানের মূল্যায়ন<br>▪ রিজেন্টস একজামিনেশন<br>▪ দ্বিতীয় ভাষা হিসাবে ইংরাজিতে কৃতি অর্জন পরীক্ষা (English as a Second Language Achievement Test( NYSESLAT))<br>▪ বিকল্প মূল্যায়ন (Alternate Assessment (NYSAA))<br><br>*উদাহরণ: একজন শিক্ষার্থীর উপলব্ধি করার পদ্ধতি সম্পর্কে ক্লাসরুমে নিরীক্ষণ করা অথবা একজন শিক্ষার্থীর ক্লাসরুমে লেখার নমুনা বিশ্লেষণ করা* |